

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
প্রতিমন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখঃ-২৪.১১.২০১৭ খ্রিঃ।

বিষয় : বিভিন্ন দৈনিকে প্রকাশিত আঙ্কটাডের প্রতিবেদনের উপর বিদ্যুৎ বিভাগের ব্যাখ্যা।

গত ২৩ নভেম্বর, ২০১৭ তারিখে বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত আঙ্কটাডের প্রতিবেদনের উপর সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।

প্রকৃতপক্ষে ২৩ নভেম্বর, ২০১৭ তারিখে প্রকাশিত আঙ্কটাডের প্রতিবেদনটি ২০১৪ সালের প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে। এখন থেকে ৩ বছর পূর্বের তথ্যের উপর ভিত্তি করে প্রণীত প্রতিবেদনটি বর্তমান প্রেক্ষাপটে বাস্তবতার সাথে কোন মিল নেই। অথচ সংবাদ মাধ্যমে এই পরিসংখ্যানটি গুরুত্বপূর্ণভাবে উপস্থাপিত হয়েছে। বিগত ৩ বছরে বিদ্যুৎ খাতের অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে। ২০১৪ সালে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী ছিল ৬৩% যা বর্তমানে বেড়ে দাঁড়িয়েছে ৮২%। উল্লেখ্য ২০০৯ সালে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের সময় বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী ছিল মাত্র ৪৭%। বর্তমানে প্রতিমাসে গড়ে ৪ লক্ষ গ্রাহককে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে। বিগত ৩ বছরে মোট ১ কোটি ১৮ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে যার বেশীর ভাগই গ্রামে। ইতোমধ্যে ৮৩ টি উপজেলা শতভাগ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে।

পার্শ্ববর্তী দেশসমূহের তুলনায় সার্বিক সূচকেও বাংলাদেশ অনেক এগিয়ে আছে। যেখানে ভারতের গড় সার্বিক সিস্টেম লস ২৩%। সেখানে বাংলাদেশে সার্বিক সিস্টেম লস মাত্র ১২.১৯% যা ক্রমান্বয়ে আরো হ্রাস পাচ্ছে।

অন্যদিকে বর্তমানে শিল্প-প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ পেতে তেমন কোন বেগ পেতে হয় না। বিদ্যুৎ খাতের সকল ইউটিলিটি মিলিয়ে বর্তমানে মাত্র ২৮০ টি শিল্প সংযোগের আবেদন পেড্ডিং আছে যা গড় সংযোগের তুলনায় খুবই নগণ্য।

মীর মোহাম্মদ আসলাম উদ্দিন
প্রতিমন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ফোন-০১৭১৩-০০৩৮৪৪

